

ক্লাস-পরীক্ষা ও ফল প্রকাশে কঠোর শাবিপ্রবি -অধ্যাপক ফরিদ উদ্দিন

হাসান নাসিম, শাবিপ্রবি

১০ সেপ্টেম্বর ২০২৩ ১২:০০ এএম | আপডেট: ১০ সেপ্টেম্বর ২০২৩ ১২:০৭ এএম

আমাদের সময়

advertisement..

শিক্ষার্থীদের চার বছরে স্নাতক পাস করে বের হওয়ার লক্ষ্যে নিয়মিত ক্লাস, যথাসময়ে পরীক্ষা ও ঠিক সময়ে (২ মাসের মধ্যে) ফল প্রকাশ করতে কঠোর অবস্থানে রয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) প্রশাসন। পাশাপাশি শ্রেণি কার্যক্রম, নিয়মিত ক্লাস নেওয়া, পরীক্ষায় নম্বর প্রদান, পড়ানোর দক্ষতা ইত্যাদি বিষয়ের ওপর শিক্ষকদের মূল্যায়নের সুযোগ পাবেন শিক্ষার্থীরা। গতকাল এ প্রতিবেদকের সঙ্গে একান্ত আলাপকালে এসব তথ্য তুলে ধরেন উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। তিনি বলেন, আমরা চাই আমাদের শিক্ষার্থীরা ঠিক সময়ে (৪ বছর) পাস করে বের হয়ে তাদের কর্মক্ষেত্রে প্রবেশ করুক। তাতে নিম্নমিত ক্লাস ও পরীক্ষা নেওয়া, পরীক্ষার ২ মাসের মধ্যে ফল প্রকাশ করার উদ্যোগ নেওয়া হয়েছে। আগে নিয়মিত পরীক্ষা ও ফল প্রকাশ হতো না, যার ফলে সেশনজট তৈরি হতো, তবে এখন আর সে সংকট নেই, আমি আসার পর তা কাটিয়ে উঠতে পেরেছি। পরীক্ষার পর যথাসময়ে ফল প্রকাশের কথা জানিয়ে উপাচার্য বলেন, প্রত্যেক বিভাগকে নির্দেশনা দেওয়া হয়েছে পরীক্ষা শেষ হওয়ার ২ মাসের মধ্যে ফল প্রকাশ করতে। তবে মাঝেমাঝে দেখা যায়, দুই-একজন শিক্ষক সঠিক সময়ে উত্তরপত্র মূল্যায়ন করে জমা না দেওয়ায় একটি ব্যাচের ফলাফল অনেক দিন ধরে আটকে থাকে, এটা খুবই দুঃখজনক। তাই এখন থেকে নিয়মিত ক্লাস, যথাসময়ে পরীক্ষা ও উত্তরপত্র মূল্যায়ন করে ঠিক সময়ে জমা দিতে বলা হয়েছে। কেউ সুনির্দিষ্ট সময়ে উত্তরপত্র জমা দিতে না পারলে তাদের নাম একাডেমিক কাউন্সিলে উঠবে, পাশাপাশি অতিরিক্ত দিনের জন্য ২০ টাকা করে (দিনপ্রতি) জরিমানা দিতে হবে শিক্ষকদের।